
# জাতীয় স্বেচ্ছায় রক্তদান ও মরণোত্তর চক্ষু দান দিবস '৯৬

# NATIONAL VOLUNTARY BLOOD DONATION AND POSTHUMOUS EYE DONATION DAY '96

The Daily Star | Special Supplement | November 2, 1996




## বাণী

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং স্বেচ্ছাসেবী সংগঠন 'সন্ধানী'-এর যৌথ উদ্যোগে "জাতীয় স্বেচ্ছায় রক্তদান ও মরণোত্তর চক্ষুদান দিবস" পালিত হচ্ছে জেনে আমি আনন্দিত। দিবসটি পালনের প্রতিপাদ্য বিষয় "আমার রক্ত আমার দৃষ্টি, জাগিয়ে তুলুক নতুন প্রাণ" তাৎপর্যপূর্ণ হয়েছে বলে আমি মনে করি। এই উদ্যোগের সাথে সংশ্লিষ্ট সকলকে জানাই আমার আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

স্বেচ্ছায় রক্তদান ও মরণোত্তর চক্ষুদান নিঃসন্দেহে একটি মহৎ কাজ। মানুষসহ যে কোন প্রাণীর জীবনধারণের অপরিহার্য উপাদান হিসেবে রক্তের কোন বিকল্প নেই। চোখও একটি অমূল্য অঙ্গ যার অভাবে এই সুন্দর পৃথিবী ও এর সকল সৌন্দর্য মানুষের কাছে অর্থহীন হয়ে পড়ে। চক্ষুহীন একজন সুস্থ-সবল মানুষও অক্ষম ও পরনির্ভরশীল হয়ে পড়ে। কিন্তু মরণোত্তর চক্ষুদানের মাধ্যমে একজন অন্ধ মানুষ তার দৃষ্টিশক্তি এবং কর্মক্ষমতা ফিরে পেতে পারে। অসহায় মানুষকে সমর্থ করে তোলার জন্য স্বেচ্ছায় রক্তদান ও মরণোত্তর চক্ষুদান কার্যক্রম সারা দেশে ব্যাপকভাবে ছড়িয়ে দিতে হবে। এ লক্ষ্যে স্বেচ্ছাসেবী সংগঠন 'সন্ধানী'র উদ্যোগকে আমি স্বাগত জানাই।

আমি দিবসটির সার্বিক সাফল্য কামনা করি।

বিচারপতি সাহাবুদ্দীন আহমদ
রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ



## বাণী

স্বেচ্ছায় রক্তদানের মাধ্যমে সন্ধানী ১৯৭৮ সালের ২রা নভেম্বরে যে নতুন অধ্যায়ের সূচনা করেছিল, সময়ের দাবীতে আজ সেই দিনকে "জাতীয় রক্তদান ও মরণোত্তর চক্ষুদান" দিবস হিসেবে পালন করা হচ্ছে। দেশের আনাচে কানাচে রক্তের অভাবে মৃত্যু অথবা কর্নিয়ার অস্বচ্ছতাজনিত অন্ধত্বরোধে সন্ধানী যে আন্দোলন চালিয়ে যাচ্ছে তার প্রতি আমাদের অকৃত্রিম সমর্থন রয়েছে।

সন্ধানীর প্রতিটি কর্মী, শুভানুধ্যায়ী যাদের নিরলস প্রচেষ্টার মাধ্যমে সন্ধানী প্রতিষ্ঠালগ্ন থেকেই দেশের মানুষের হৃদয়ে ঠাঁই করে নিয়েছে, তাদেরকে জানাই আন্তরিক শুভেচ্ছা। সেই সাথে ২রা নভেম্বর "জাতীয় স্বেচ্ছায় রক্তদান ও মরণোত্তর চক্ষুদান" দিবসকে কেন্দ্র করে সারা দেশ জুড়ে স্বেচ্ছায় রক্তদান ও মরণোত্তর চক্ষুদানের ক্ষেত্রে নতুন উৎসাহের সৃষ্টি হবে বলে আমি বিশ্বাস করি।

সালাহ উদ্দিন ইউসুফ
মন্ত্রী
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঢাকা

# Safe Blood Banking, Posthumous Eye Donation and Sandhani

by Dr Dipu Moni
Central Counsellor
Sandhani National Eye Donation Society

EIGHTEEN years ago on 2nd November, 1978, Sandhani organised the first voluntary blood donation programme in Bangladesh. Six years later, again in November 1984, Sandhani National Eye Donation Society (SNEDS) began its journey to eradicate blindness arising from corneal opacity through posthumous eye donation. Sandhani, an institution run by medical and dental students was formed by 6 students of Dhaka Medical College who wanted to help one of their classmates financially. Now after 19 years Sandhani through its 13 branches, Sandhani National Eye Donation Society (SNEDS) through its 9 zonal eye banks and 27 Sandhani Donor Clubs all over the country have transformed their programmes of voluntary blood donation and posthumous eye donation into a social movement. The recognition of Sandhani's work is evidenced by the government declaration of this day as NATIONAL VOLUNTARY BLOOD DONATION and POSTHUMOUS EYE DONATION DAY and by its observance on a national level. It also signifies the wide reach and march towards success of these two programmes of Sandhani.

The volunteers of Sandhani realized the extent of the need for blood in the hospitals. Since blood has no alternative, it is that a human being must donate blood for another human being in the event of need. Apart from Sandhani Bangladesh Red Crescent, Lions International and a few other organizations came forward to solve this problem. However, it may be time to pause to evaluate, nearly 2 decades later, what is the status of the problem concerning the availability and supply of blood in the country now?

Present situation: the total need of safe blood in our country is nearly 250,000 units per annum. Approximately 65% of this comes from professional blood donors, 15% from the relatives of the patients, 2% from prisoners in different prisons and only 12% from voluntary blood donors. Around 6% of the total need remains unfulfilled. The growth rate of voluntary blood donation is about 1.2%. At this rate of increase, it would appear that the requirement of our total need through voluntary blood donation will not be achieved even in the next 87 years.

Who are the 'professional donors'? — They are coolies, day labourers, rickshaw-pullers, slum dwellers and unemployed poor people who sell their blood frequently for money. Most of them are suffering from anaemia, malnutrition and various kinds of infectious diseases. 18 to 29% of them are carrying Hepatitis B virus and around 20% are infected with syphilis. The patients receiving blood from these professional donors may get infected with diseases like malaria, Hepatitis B&C, Syphilis and AIDS.

Condition of the blood Banks: In Bangladesh there are 74 blood transfusion centres of which 41 centres are fully operational and other 33 centres only partially so. In these banks there is scarcity of proper equipment, reagents and trained personnel. There is no facility for regular screening either. So instead of helping the patient with safe blood transfusion in some cases the patients life becomes jeopardised. To endanger a life instead of helping it is criminally culpable. Safe blood transfusion is a life saving measure. But due to many limitations safe blood banking is not being done now. To remove the grave concern of the people who are involved in this process the government has to take the initiative. Sandhani and other similar organizations with their experience of the problem of blood transfusion in our country are of the view that we have voluntary blood donors, we have volunteers and the problems have been identified. It is obvious that a coordination programme has to be taken up. Considering the overall situation, the government should take some necessary actions immediately which may be as follows:

(a) Development and modernization of blood banks according to the suggestions made by WHO;

(b) Allocation of funds for the blood bank through a separate budget under the health directorate.

(c) Arranging mobile blood collection and strengthening countrywide voluntary blood donation motivation campaign.

(d) Banning of commercial buying and selling of blood by enacting laws because blood should never be a commodity used for commercial purposes.

(e) To meet the country's entire demand of safe blood through voluntary blood donation, a comprehensive regular voluntary blood donors list should be prepared which is essential and not difficult in a populous country like Bangladesh.

(f) Setting up a reference laboratory and central quality control centre and ensuring proper screening of every unit of blood.

(g) Making arrangements for providing counselling service to hepatitis B and AIDS infected persons.

(h) Undertaking extensive programmes in the mass media to publicise voluntary blood donation and related issues.

(i) Establishing effective coordination between the government, the blood banks and the voluntary organisations.

Sandhani's role in Voluntary blood donation movement: Sandhani the pioneer in voluntary blood donation has been the main organisation doing publicity through observing publicity week countrywide every year, organising seminars and workshops and arranging regular publicity in the mass media and televising a teleskit on voluntary blood donation made with their own money collected from their patrons.

Sandhani has collected nearly 250000 units of blood since its inception. Sandhani has also done blood grouping, some screening and has prepared a list of voluntary blood donors who have negative blood groups. Sandhani National Eye Donation Society is the other major activity of Sandhani in the service of suffering humanity. This organisation was formed with the aim to eradicate blindness arising from corneal opacity on 25 November, 1984.

How grave is the problem of blindness in Bangladesh? There are nearly 1 million blind persons in Bangladesh and almost half of them are blind due to opacity of corneas. Together with this, 30-40 thousand more children are added every year who become blind mainly from diarrhoea, measles, trauma to the corneas (especially caused by sheaf of paddy or twigs or trauma caused by tails of cows and buffalo) wrong or inadequate treatment, infection and congenital anomalies. The number of persons turning blind due to corneal reasons in our country is 10 times higher than the acceptable level fixed by the WHO. 80% of these children are from landless families. Poverty has given us this huge number of blinds, in addition to illiteracy, ignorance, superstition and socioeconomic subhuman living.

Sandhani National Eye Donation Society's role in solving this problem of blindness: children are mainly the victims of blindness due to corneal opacity. Their only hope rests upon corneas donated by others. By transplanting corneas it is possible to restore their eye sight and give them the chance to become active citizens of the country. To do this we need many corneas and an effective (skilled) eye bank.

The blindness Relief (Donation of Eyes) Act (Act of XXV of 1975) passed by the government of the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman has played a major role in solving the problem of blindness through posthumous eye donation. According to this (piece of) law any one can pledge his/her eyes to donate them posthumously and half an hour after death eyes can be collected from dead bodies of unknown persons from hospitals nursing homes, jails and other places. But there is another piece of law which says that a body can be declared unknown only after 24 hours of death. So, there is a need for making necessary amendments to the existing laws concerning posthumous eye donation and collection of eyes.

Role of the different individuals, organisations and the media in motivation of posthumous eye donation: Mass media can play the most important and the most effective role in making the motivation programme a success. The pioneer of the world wide movement of posthumous eye donation Dr Hudson De Silva said that without the help of the newspapers it would not have been possible for Srilanka Eye Donation society to become a globally acclaimed organisation. Times of India advertises regularly, about the Times Eye Research Foundation which is their own institution. But television and the Radio can really be the most effective mass media in this regard. In our country both the electronic media and the newspapers gave a lot of support to the SNEDS to reach its present stage.

People are being motivated through posters, leaflets, seminars, symposia and discussions. This programme can also spread through hospital based motivational activity. A major part of this motivation programme is removing the superstitions. People should be informed that there is no religious bar about posthumous eye donation. Scholars of the Al Azhar University in Egypt in 1965 expressed the view that posthumous eye donation is encouraged in Islam. According to the Mecca based Islamic Fikah Academy and the OIC posthumous organ collection and transplantation is not against Islamic laws. In Buddhism there is clear instruction about posthumous eye donation. There is also no bar regarding this in either Christianity or Hinduism.

Highlighting the facts of death, encouraging dedicated volunteers, removing the religious superstition and the misconceptions about distortion of face after removing the eyes and above all making people realize the depth of the problem of blindness is important and essential in motivating people. The significance of posthumous eye donation may be demonstrated by obtaining pledges from prominent personalities in the society. We hope that eminent persons in our country will come forward and inspire their followers by example.

Achievements of SNEDS and Sandhani International Eye Bank: SNEDS has so far collected 24,720 pledges of posthumous eye donation and of which 774 corneas have been successfully transplanted. (the remaining 78 corneas were considered unfit for transplantation).

Sandhani has proved itself to be praiseworthy not only in Bangladesh but also internationally. In 1995 Sandhani became the proud recipient of "the Commonwealth Youth Award 1995". Sandhani was given this award for its achievements in the service of humanity. Besides this Sandhani also received the "Award 1995" given by the ODA, UK.

For coordinating and integrating the various activities and to achieve its goals by consolidating upon the successes Sandhani needs permanent premises where it can establish a central blood bank and an international eye bank with all the modern facilities to give effective service to the people. Kind cooperation of the government is needed in this regard and Sandhani hopes that such cooperation would be forthcoming immediately.

The success in resolving the problems of safe blood transfusion and blindness depends upon the active participation of the concerned organisations, including the Sandhani, SNEDS, Bangladesh Red Crescent Society, LIONS International, Rotary International, Bangladesh National Society for the Blind, Assistance for Blind Children, Helen Keller International, other national and international donor agencies, the government and above all the people of our country. The timely formulation of clear guidelines and their proper implementation is also vital to achieve this objective. The government could take initiative to coordinate efforts made by the above bodies. This is also a great responsibility for the government to shoulder to successfully resolve the problems faced in the health sector.



## বাণী

আমি জেনে খুশী হয়েছি যে সন্ধানী ও সন্ধানী জাতীয় চক্ষুদান সমিতির উদ্যোগে পালিত হচ্ছে 'জাতীয় স্বেচ্ছায় রক্তদান ও মরণোত্তর চক্ষুদান দিবস ১৯৯৬'। এ উপলক্ষে আমি সংশ্লিষ্ট সকলকে জানাই আমার আন্তরিক শুভেচ্ছা।


বিশুদ্ধ রক্ত সঞ্চালন ও কর্ণিয়াজনিত অন্ধত্ব আমাদের দু'টি অন্যতম স্বাস্থ্য সমস্যা। আমাদের জনসংখ্যার একটি অংশ অন্ধত্বের শিকার। এই সংখ্যার সাথে প্রতিবছর যোগ হচ্ছে আরো কয়েক হাজারের বেশী শিশু সন্তান। অন্ধত্ব সমস্যা সমাধানের জন্য প্রয়োজনীয় আইন - 'অন্ধত্বমোচন অর্ডিন্যান্স, ১৯৭৫' প্রণীত হয় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সরকারের আমলে। আমাদের সরকারও এ লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে অঙ্গীকারাবদ্ধ। সুদীর্ঘ ১৯ বছর ধরে এ দেশের মানুষকে সচেতন করে স্বেচ্ছায় রক্তদান ও মরণোত্তর চক্ষুদানে উদ্বুদ্ধ করার আন্দোলনে সন্ধানী ও সন্ধানী জাতীয় চক্ষুদান সমিতি পালন করছে পথিকৃতের এক প্রশংসনীয় ভূমিকা। রোগীদের রক্তের চাহিদা মেটানো এবং অন্ধত্ব নিরসনের লক্ষ্যে সন্ধানী, সন্ধানী জাতীয় চক্ষুদান সমিতি ও সরকারী উদ্যোগের পাশাপাশি স্বাস্থ্যক্ষেত্রে নিয়োজিত সকল জাতীয় ও আন্তর্জাতিক সংস্থা, বেসরকারী প্রতিষ্ঠান এবং সর্বোপরি সর্বস্তরের জনগণের ব্যাপক অংশগ্রহণ একান্ত প্রয়োজন। সবার জন্য স্বাস্থ্য নিশ্চিত করার লক্ষ্যে এসব সমস্যার আশু সমাধান আমাদের করতে হবে।

সন্ধানীর একজন স্বেচ্ছা-রক্তদাতা হিসেবে এই আন্দোলনের সঙ্গে দীর্ঘদিন থেকে সম্পৃক্ত থাকতে পেরে আমি গর্বিত। আমি আশা করি, প্রতিবছর এই দিবস সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সন্ধানীর সহযোগিতায় যথাযথভাবে পালনের মাধ্যমে স্বেচ্ছায় রক্তদান ও মরণোত্তর চক্ষুদান আন্দোলনকে বৃহত্তর পরিমন্ডলে সাফল্যমন্ডিত করে তুলবে। আজ আমাদের সবার শ্লোগান হোক - 'আমার রক্ত, আমার দৃষ্টি, জাগিয়ে তুলুক নতুন প্রাণ'। এর বাস্তবায়নের মাধ্যমে আমরা গড়ে তুলতে পারি এক নতুন বিশ্ব।

আমি জাতীয় স্বেচ্ছায় রক্তদান ও মরণোত্তর চক্ষুদান দিবসের সাফল্য কামনা করি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ দীর্ঘজীবী হোক।

শেখ হাসিনা
প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



## বাণী

"আমার রক্ত আমার দৃষ্টি, জাগিয়ে তুলুক নতুন প্রাণ" - এই শ্লোগানকে সামনে রেখে উদযাপিত হতে যাচ্ছে "জাতীয় স্বেচ্ছায় রক্তদান ও মরণোত্তর চক্ষুদান দিবস '৯৬"। আমাদের দেশে বর্তমানে বার্ষিক রক্ত চাহিদা আড়াই লক্ষ ব্যাগ এবং অন্ধের সংখ্যা দশ লক্ষেরও অধিক। ১৯৭৮ সালের ২রা নভেম্বর সন্ধানী কর্তৃক এদেশে প্রথম স্বেচ্ছায় রক্তদান অনুষ্ঠান আয়োজনের স্মৃতিকে সামনে রেখেই এ দিনটিকে জাতীয় দিবস হিসেবে স্বীকৃতি দেয়া হয়েছে যাতে করে দেশব্যাপী স্বেচ্ছায় রক্তদান ও মরণোত্তর চক্ষুদান একটি আন্দোলনে রূপ নেয়। এ আন্দোলনে চূড়ান্ত সাফল্যলাভ সময় সাপেক্ষ এবং সকলের সর্বাত্মক সহযোগিতার প্রয়োজন। তবুও সন্ধানী তার লক্ষ্য থেকে বিন্দুমাত্র বিচ্যুত না হয়ে এ আন্দোলনকে শুধুমাত্র এগিয়ে নিয়েই যাচ্ছে না বরং উত্তরোত্তর বৃদ্ধি করে চলেছে তার কাজের পরিধি, যা সত্যিই প্রশংসনীয়।

আমি এই দিবসটির সর্বাঙ্গীণ সাফল্য কামনা করি। সেই সাথে এই আন্দোলনের সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

মোহাম্মদ আলী
সচিব
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**Courtesy: Ministry of Health and Family Welfare**